

১ জন ছাত্রের মৃত্যুকে কেন্দ্র করে সংঘর্ষ ॥ গ্রেফতার ২৬

বরিশাল মেডিক্যাল কলেজ বন্ধ ৩৭টি কক্ষে অগ্নিসংযোগ

॥ নিজস্ব প্রতিনিধি ॥

বরিশাল, ২০ জুলাই।—এক টুকরো চুমিৎগামকে কেন্দ্র করে এক অপ্রীতিকর ঘটনায় ১ জন ছাত্রের মৃত্যু এবং এই ঘটনার জের হিসেবে বরিশাল শেরেবাংলা মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা ও ছাত্রছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। ইসলামী ছাত্র শিবির কলেজের ছাত্রাবাসে অগ্নিসংযোগ করলে ৩৭টি কক্ষের মালামাল সম্পূর্ণভাবে শেষ পৃঃ ৭-এর কলামে

বরিশালের মেডিক্যাল কলেজ

প্রথম পৃষ্ঠার পর

ভস্মীভূত হয়ে যায়। কোন কোন কক্ষের দেয়ালের প্রাঙ্গার পর্যন্ত পুড়ে গেছে। এই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে পুলিশ ইসলামী ছাত্র শিবিরের ২৬ জন কর্মীকে গ্রেফতার করেছে। কলেজের ছাত্র-শিক্ষক ও চিকিৎসকদের কাছ থেকে জানা গেছে, গত বুধবার দ্বিতীয় বর্ষের ব্যবহারিক ক্লাস চলাকালে একজন ছাত্র গোলাম ফারুক নামে অপর একজন ছাত্রের মাথার পিছনের চুলে এক টুকরো চুমিৎগাম দিয়ে কাগজে লেখা একটি হাস্যকর বাক্য লাগিয়ে দেয়। এনিম্নে ক্লাসে হাসাহাসি শুরু হলে গোলাম ফারুক তার পেছনে দৌড়ানো ছাত্রকে এ ঘটনার জন্য দায়ী করে। এ ব্যাপারে দু'জনের মধ্যে তর্ক শুরু হয় এবং এনিম্নে এক পর্যায়ে ছাত্রদের মধ্যে খতাবন্দি শুরু হয়। ক্লাস শিক্ষক আবদুর রহমান পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। পরের দিন ফারুক জ্বর নিয়ে হাসপাতালে ভর্তি হন এবং গভীর রাতে তার মৃত্যু ঘটে। তার মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে কলেজে উত্তেজনা বাড়তে থাকে। কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়। আজ দুপুরে তার লাশের ময়না তদন্ত শেষে কলেজ ক্যাম্পাসে জানাজা অনুষ্ঠিত হয়। লাশ ক্যাম্পাস থেকে নিয়ে যাওয়ার পর ছাত্র শিবিরের একটি মিছিল শহরের দিকে এগিয়ে যায়। এ সময় পুলিশও ক্যাম্পাস ত্যাগ করে। মিছিলটি শহর প্রদক্ষিণ শেষে কলেজে ফিরে আসে এবং মিছিলকারীরা ১ নম্বর ছাত্রাবাসে আগুন লাগিয়ে দেয়। খবর পেয়ে পুলিশ ও ফায়ার ব্রিগেড ঘটনাস্থলে পৌঁছায় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ব্যাপারে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও ফরেনসিক মেডিসিন বিভাগের প্রধান প্রফেসর শামসুল ইসলাম গোলাম ফারুকের স্বাভাবিক মৃত্যু হয়েছে বলে জানান। গোলাম ফারুকের বাবা আবুল কাশেম ও ওলাদার ৭ জনকে আসামী করে কোতোয়ালী থানায় মামলা দায়ের করেছে। ইসলামী ছাত্র শিবির এই ঘটনার প্রতিবাদে রোববার বরিশালে অর্ধদিবস হরতাল ও সোমবার শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট আহবান করেছে। তারা এই ঘটনার জন্য ছাত্র লীগকে দায়ী করেছে।

শিবিরের হরতাল আহবান

শিবিরের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, বরিশালে ছাত্রনেতা গোলাম ফারুকের হত্যার প্রতিবাদে ছাত্র শিবির আজ রোববার বরিশালে হরতাল আহবান করেছে। গতকাল বায়তুল মোকাররম উত্তর গেটে এক সমাবেশে এ কর্মসূচী ঘোষণা করা হয়। সমাবেশে সভাপতিত্ব করেন আবু জাফর মোহাম্মদ ওবায়দুল্লাহ। সমাবেশ শেষে একটি মিছিল বের করা হয়।